দৈনিক খবর

তারিখ 28-DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 1

56

# ঢাকা কমার্স কলেজের কেউ ফেল করেনি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা কমার্স কলেজের এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শতকরা ১০০ জন পরীক্ষার্থী পাস করেছে। উল্লেখ্য, এ বছরই (১৯৯১) এ কলেজ থেকে প্রথম ব্যাচ এইচ, এস সি, পরীক্ষায় অংশগ্রহণ করে।

১৯৮৯ সালে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানে প্রথমে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পড়ানো হতো। সম্প্রতি স্নাতক শ্রেণীও চালু করা হয়েছে।

১৯৯১ সালে অনুষ্ঠিত এইচ এস সি পরীক্ষায় মোট ৬১ জন ছা-ছাত্রী অংশগ্রহণ করে ৬১ জনই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। তাদের মধ্যে ৪৩ জন প্রথম বিভাগে ১৬ জন দ্বিতীয় বিভাগে ও দুইজন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

এছাড়া ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় ও ১৫তম স্থান অধিকারীরাও ঢাকা কমার্স কলেজ থেকেই উত্তীর্ণ হয়েছে। উল্লেখ করা যেতে পারে ১৯৮৯ সালে ভর্তি পরীক্ষায় যারা অংশগ্রহণ করেছিলো তাদের মধ্যে মাত্র ৭ জন ছাত্র মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগ প্রাপ্ত এবং বাকী সবাই ছিল দ্বিতীয় বিভাগ প্রাপ্ত।

এ প্রতিষ্ঠানটিতে শিক্ষকতার পেশায় যারা নিয়োজিত রয়েছেন তারা সবাই প্রায় নতুন।